"প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ।"

৫০
৭।২।২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নম্বর-৪৯.০৪.০০০০.২২১.১৮.০০১.২০২৩.(০৭)-১১ তারিখ: ৩১ / ০১ /২০২৩খ্রিঃ

# বিজ্ঞপ্তি

## প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা" প্রদানের জন্য আবেদন আহ্বান

প্রবাসী কর্মীর সন্তানদের "প্রতিবন্ধী ভাতা" প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

(১) আবেদনের যোগ্যতা:

ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আনার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহন করেছেন;

খ) মৃত কর্মীর ক্ষেত্রে যাদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

(২) একজন প্রবাসী কর্মীর একাধিক সন্তানের ক্ষেত্রে পৃথক পৃথক আবেদন করতে হবে।

(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-

ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র সম্বলিত পৃষ্ঠাসহ পাসপোর্ট এর ফটোকপি অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপের ফটোকপি;

খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC;

গ) প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

ঘ) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক সুবর্ণ নাগরিক পরিচয়পত্র/কার্ড এর সত্যায়িত ফটোকপি;

ঙ) চেক গ্রহনকারী পিতা/মাতা/অভিভাবকের (ব্যাংক রাউটিং নাম্বার সহ) তাঁর ব্যাংক স্টেটমেন্ট।

(৪) এ ভাতা মাসিক ১০০০/-(এক) হাজার টাকা হারে বাৎসরিক ১২,০০০/-(বার হাজার) টাকা পাঁচ বছর মেয়াদের জন্য প্রদান করা হবে এবং ১লা জানুয়া ২০২৩ থেকে তা কার্যকর হবে;

(৫) আবেদনপত্র ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় অথবা ওয়েবসাইট (www.wewb.gov.bd)/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস হতে বি মূল্যে সংগ্রহ করা যাবে;

(৬) আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১ মার্চ, ২০২৩খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে ওয়েজ আর্নার্স কল্য বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌঁছাতে হবে অথবা সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশ অফিসে জমা দেওয়া যাবে।

(৭) আবেদনে ভুল তথ্য প্রমানিত হলে অথবা কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন বাতিল বলে গন্য হবে;

(৮) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(৯) ২০২১ এবং ২০২২ সালে "প্রতিবন্ধী ভাতা" প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

(১০) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কলসেন্টারে ফোন: ১৬১৩৫ (টোল ফ্রি), ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, বিদেশ থেকে +৮৮০৯৬১০১০১০৩০, ০২-৫৫১৩৮৩১৩) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৩১।০১।২৩

(শোয়াইব আহমাদ খান)
যুগ্মসচিব
পরিচালক (অর্থ ও কল্যাণ)
d.fw@wewb.gov.bd

"থাকব ভালো, রাখব ভালো দেশ
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০১৭.২২(১১)- ০৬ তারিখ: ১৬ফেব্রুয়ারি ২০২৩

এসএসসি/সমমান- ২০২২ ও এইচএসসি/সমমান ২০২১ ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি" এর দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যায়নরত এবং ২০২১ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিকেল (১ম সেমিস্টার/বর্ষে) এ অধ্যায়নরত শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-
(ক) বিএমইটি'র ডাটাবেজের মাধ্যমে বর্হিগমন ছাড়পত্র গ্রহনকারী অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহনকারী প্রবাসী কর্মীর সন্তান;
(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

(২) নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ | |
|---|---|---|---|---|
| | | | প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ০১ | এসএসসি/সমমান ২০২২ | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |
| ০২ | এইচএসসি/সমমান ২০২১ | বিজ্ঞান বিভাগ | ৪.৮০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৫০ | ৪.০০ |

(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে:
ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়া স্বপক্ষে প্রমাণক হিসাবে পাসপোর্ট এর সত্যায়িত কপি;
খ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি (৩০০×৩০০ পিক্সেল);
গ) শিক্ষার্থীর স্বাক্ষর (৩০০×৩০০ পিক্সেল);
ঘ) অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যায়ন পত্র; এবং
ঙ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর কপি।

(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ:
ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যায়নরতদের জন্য ০৪ (চার) বছর; এবং
খ) এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় (১ম সেমিস্টার/বর্ষে) ৪ বছর ও মেডিকেলের জন্য ৫ বছর বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না।

(৫) আবেদনের প্রক্রিয়া:
ক) সকল শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের লিংক: http://stipen.wewb.gov.bd/stipend;
খ) অনলাইনে আবেদনের সময়সীমা: ১লা মার্চ হতে ১৫ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত; এবং
গ) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার/অভিভাবক এর মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।

(৬) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৭) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর ১৬১৩৫ (টোল ফ্রি) এবং ০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) নম্বরে যোগাযোগ করা যাবে।

(৮) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে। সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না।

১৬.০২.২০২৩
(আরিফ আহমেদ খান)

.লা দেশ
.গড়ব বাংলাদেশ।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি চেয়ারম্যান/কাউন্সিলর কতৃক সত্যায়িত।

# প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের "প্রতিবন্ধী ভাতা" আবেদন ফরম

নাম ঃ বাংলা : ....................................................................................

(বড় অক্ষরে) ইংরেজি : ....................................................................................

. জন্ম তারিখ ও বয়স : ....................................................................................

. পিতার নাম (বাংলায় : ....................................................................................

. মাতার নাম (বাংলায় : ....................................................................................

. অভিভাবকের নাম ও সম্পর্ক : ....................................................................................

(প্রযোজ্য ক্ষেত্রে)

. পিতা/ মাতা/অভিভাবকের : ১).......................................................২) মোবাইল নং-.......................................................
মোবাইল নম্বর আবশ্যক

. সুবর্ণ নাগরিক পরিচয়পত্র/কার্ড নম্বর ....................................................................................

. প্রতিবন্ধীতার ধরন :....................................................................................

. বর্তমান ঠিকানা (বাংলায়) : গ্রামঃ ডাকঘরঃ

উপজেলা/থানাঃ জেলাঃ

৩. স্থায়ী ঠিকানা (বাংলায়) : গ্রামঃ ডাকঘরঃ

উপজেলা/থানাঃ জেলাঃ

১. যার নামে ( পিতা/ মাতা/ অভিভাবক) চেক পেতে ইচ্ছুক (ব্যাংক রাউটিং নাম্বার সহ) তাঁর ব্যাংক স্টেটমেন্ট আবশ্যক।

২. প্রবাসী পিতা/মাতার তথ্যাদিঃ

| ক্রম | পিতা/মাতার নাম | পাসপোর্ট নম্বর | বর্হিগমন ছাড়পত্র / মেম্বারশীপ নম্বর / দূতাবাস সনদের (NOC) স্মারক নং | প্রবাসী কর্মীর কর্মরত দেশের নাম |
|---|---|---|---|---|
| ১. | | | | |

ংযুক্তিঃ.......................................................

পিতা/মাতা/ অভিভাবকের

তারিখঃ.......................................................